

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.cga.gov.bd

নং-০৭.০৩.০০০০.০০৩.১৪.৪০৮.১৬-৫১৯

তারিখঃ ০৩/১০/১৮খ্রিঃ

বিষয়: ই-চালান (ইলেক্ট্রনিক-চালান) বিষয়ক তথ্যাদি প্রচার প্রসঙ্গে।

হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের অধীন সকল প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা ও উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা ই-চালান (ইলেক্ট্রনিক-চালান) পদ্ধতি সংক্রান্ত সেবাসমূহের নিম্নবর্ণিত তথ্যাদি নোটিশ বোর্ডে প্রচারসহ সেবা গ্রহীতার কাছে পৌঁছানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ঘরে বসেই বিভিন্ন ধরনের সরকারি সেবার ফি অনলাইনে জমা দিতে চালু হয়েছে ই-চালান (ইলেক্ট্রনিক-চালান) পদ্ধতি। এখন থেকে বিভিন্ন ধরনের সরকারি সেবার ফি অনলাইনে জমা দেওয়া যাবে।
- প্রাথমিকভাবে তিনটি সেবা প্রদানের ক্ষেত্রে (পাসপোর্ট, পুলিশের ছাড়পত্র ও জাতীয় পরিচয়পত্র) এ ব্যবস্থা চালু করা হয়েছে। পর্যায়ক্রমে সরকারের সকল মন্ত্রণালয় বা সংস্থার সরকারি ফি আদায় কিংবা অন্যান্য সেবার কার্যক্রমকে এর আওতায় আনা হবে।
- বর্তমানে শুধুমাত্র সোনালী ব্যাংকের মাধ্যমে চালানোর অর্থ সরকারি কোষাগারে জমা হবে। পরবর্তী সময়ে সকল বাণিজ্যিক ব্যাংকের জন্য এ সুবিধা সম্প্রসারণ করা হবে।

২। উল্লিখিত সেবাসমূহ হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের ওয়েব সাইটে (www.cga.gov.bd) অভ্যন্তরীণ ই-সেবা মেনুর মধ্যে ই-চালান: সরকারের প্রাপ্তি বাতায়ন সাব-মেনুতে পাওয়া যাবে। এছাড়াও অর্থ বিভাগের ওয়েব সাইটে (www.mof.gov.bd) অভ্যন্তরীণ ই-সেবা মেনুর মধ্যে ই-চালানসাব-মেনুতে উক্ত সেবাসমূহ পাওয়া যাবে।

 03.10.2018

(সুমন কুমার শর্মা)

উপ-হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব)

ফোনঃ ৪৯৩৪৯৮৪৪

Email:skshorma.dae@gmail.com

বিতরণ কার্যার্থে:

- ১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
- ২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক (সকল)।
- ৩। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
- ৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।

নং-০৭.০৩.০০০০.০০৩.১৪.৪০৮.১৬-৫১৯

তারিখঃ ০৩/১০/১৮খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ১। বাংলাদেশের কম্পিউটার এন্ড অডিটর জেনারেল, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা-১০০০।
দৃষ্টি আকর্ষণ: উপ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (এএন্ডআর)।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ: যুগ্মসচিব (বাজেট-১), বাজেট অধিশাখা-১।
- ৩। কর্মসূচি পরিচালক, সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ কর্মসূচি (SPEMP), ইউসেপ চেইনী টাওয়ার, ২৫, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। পিএস টু সিজিএ, সিজিএ কার্যালয়।
- ৫। অফিস কপি।

 03.10.2018

(সুমন কুমার শর্মা)

উপ-হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব)

ফোনঃ ৪৯৩৪৯৮৪৪

Email:skshorma.dae@gmail.com